# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-08-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) জমিজটে থমকে থাকা রাজ্যের ৬১টি রেল প্রকল্প রুপায়নের জন্য পশ্চিমবঙ্গ সরকার রেল মন্ত্রককে জমি দেওয়ার কাজ শুরু করেছে।

২) পশ্চিমবঙ্গে এসয়াইয়ার ট্রাইব্যুনালে কত আবেদন জমা পড়েছে, কত মামলা বিচারাধীন এবং কতগুলির নিস্পত্তি হয়েছে নির্বাচন কমিশনের কাছে সে সম্পর্কে হলফনামা চেয়েছে সুপ্রিম কোর্ট।

৩) UPSC-র সিভিল সার্ভিস পরীক্ষা ২০২৫-এর প্রার্থীদের ক্ষেত্রে ওবিসি ক্রীমি লেয়ার প্রযোজ্য সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট বিশেষ বেঞ্চ গঠন করতে সম্মত হয়েছে।

৪) সাংসদ, বিধায়কদের বিভিন্ন কলেজে পরিচালন সমিতির সভাপতির দায়িত্ব অস্থায়ীভাবে দেওয়া হয়েছে বলে উচ্চ-শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন।

৫) নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম নিয়ন্ত্রণে রাখতে নব গঠিত  টাস্ক ফোর্স এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা আজ যৌথভাবে কলকাতা সহ বিভিন্ন জেলার বাজারগুলিতে অভিযান চালিয়েছে।

৬) তৃণমূল কংগ্রেস ছেড়ে এনসিপিআইতে যোগদানকারী ২০ জনের সাংসদ পদ খারিজের দাবিতে দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির করা মামলায় সুপ্রিম কোর্ট, ওই বিদ্রোহী সাংসদদের নোটিশ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

জমিজটে থমকে থাকা রাজ্যের ৬১টি রেল প্রকল্প রুপায়নের জন্যে পশ্চিমবঙ্গ সরকার রেল মন্ত্রককে জমি দেওয়ার কাজ শুরু করেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ কলকাতায় একটি বেসরকারি টিভি চ্যানেলের উদ্যোগে সরকারের ১০০দিন পূর্তিতে আয়োজিত এক কনক্লেভে অংশ নিয়ে বলেন হিলি, জলঙ্গি, ডোমকল, গোপীবল্লভপুরে এই প্রকল্পগুলির বাস্তবায়নে জমি দেওয়া হচ্ছে। ৫০০টি রেল ওভার ব্রীজ তৈরির জন্য রাজ্য সরকারের তরফে ছাড়পত্র দেওয়া হয়েছে। বর্তমানে এরাজ্যে রেলের ৯২ হাজার ৯৭৪ কোটি টাকার প্রকল্পের কাজ চলছে।  অনুপ্রবেশ রুখতে সীমান্ত সুরক্ষাকে বিশেষ গুরূত্ব দিচ্ছে সরকার। শিলিগুড়ি করিডর বা চিকেনস নেক এলাকার সুরক্ষায় রাজ্যের হাতে থাকা সাতটি রাস্তাকে জাতীয় সড়ক কতৃপক্ষের হাতে তুলে দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রীর জানান।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে এসয়াইয়ার ট্রাইব্যুনালে কত আবেদন জমা পড়েছে, কত মামলা বিচারাধীন এবং কতগুলির নিস্পত্তি হয়েছে নির্বাচন কমিশনের কাছে সে সম্পর্কে বিস্তারিত তথ্য চেয়েছে সুপ্রিম কোর্ট।

একই সঙ্গে SIR-এর তালিকা থেকে নাম বাদ যাওয়ার কারণে কত আপিল হয়েছে এবং নতুনভাবে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য কত আবেদন জমা পড়েছে, তাও নির্বাচন কমিশনকে হলফনামা আকারে জানাতে হবে। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চে আজ কংগ্রেস সাংসদ ইসা খান চৌধুরী এবং দলের নেতা অধীর চৌধুরীর দায়ের করা দুটি মামলার শুনানি হয়। মামলাকারীদের তরফে আইনজীবী আদালতে জানিয়েছেন, আরটিয়াই থেকে পাওয়া তথ্য অনুযায়ী ট্রাইব্যুনাল এখন পর্যন্ত ৮৩ হাজার আবেদনের নিস্পত্তি করেছে। তার মধ্যে ৭৫ হাজারের নাম ভোটার তালিকায়  অন্তর্ভুক্ত হয়েছে।

নির্বাচন কমিশনের আইনজীবী ডি এস নায়ডু আদালতে জানান, বিচারাধীন মামলার দ্রুত নিস্পত্তির ক্ষেত্রে কি পদক্ষেপ করা যায়, তা চূড়ান্ত করতে খুব শীঘ্রই সংশ্লিষ্ট সব পক্ষ বৈঠকে বসবে। আগামী সোমবারের মধ্যে এব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে।

oooooooooooooooooo

UPSC, সিভিল সার্ভিস পরীক্ষা ২০২৫-এর প্রার্থীদের ক্ষেত্রে ওবিসি ক্রীমি লেয়ার প্রযোজ্য সংক্রান্ত মামলায় সুপ্রিম কোর্ট আজ বিশেষ বেঞ্চ গঠন করতে সম্মত হয়েছে। এই বেঞ্চ ওবিসি ক্রীমি লেয়ার মানদণ্ড নিয়ে কেন্দ্রের আবেদনের শুনানি করবে। সর্বোচ্চ আদালত গত ১১ই মার্চ এই সংক্রান্ত বিষয়ে যে রায় দিয়েছিল, তা ৯ শো ৫৮ জন প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা, সেই বিষয়ে কেন্দ্র, সুপ্রিম কোর্টের কাছে জানতে চেয়ে আবেদন করে। কেন্দ্রীয় কর্মীবর্গ ও প্রশিক্ষণ দপ্তর DoPT; ২০২৫ সালের সিভিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ ৯ শো ৫৮ জন প্রার্থীর ক্ষেত্রে OBC ক্রীমি লেয়ার ব্যবহারের বিষয়ে, ১১ মার্চের আগে যে ব্যবস্থা নেওয়া হতো তা বজায় রাখার ওপর জোর দিয়েছে।

oooooooooooooooooo

অস্থায়ীভাবে সাংসদ, বিধায়কদের বিভিন্ন কলেজের পরিচালন সমিতির সভাপতির দায়িত্ব দেওয়া হয়েছে বলে রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন। সম্প্রতি ২৪৭ টি কলেজের পরিচালন সমিতির সভাপতি হিসেবে স্থানীয় সাংসদ, বিধায়কদের নিযুক্ত করেছে উচ্চ শিক্ষা দফতর।

এক অনুষ্ঠানে আজ সাংবাদিকদের এই সংক্রান্ত প্রশ্নের উত্তরে উচ্চশিক্ষা মন্ত্রী বলেন, কলেজগুলিতে পঠনপাঠনের স্বাভাবিক পরিবেশ ফেরানো এবং কলেজগুলি যাতে রাজনীতির আখড়া না হয়, তার জন্যই অস্থায়ী ভিত্তিতে সাংসদ, বিধায়কদের এই দায়িত্ব দেওয়া হয়েছে। আরো প্রায় ২০০ কলেজেও সাংসদ, বিধায়কদের স্থানীয় কলেজের পরিচালন সমিতির সভাপতির দায়িত্ব দেওয়া হবে বলে মন্ত্রী জানিয়েছেন।

(বাইট – জগন্নাথ)

oooooooooooooooooo

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শান্তি ও স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখার আবেদন জানিয়েছেন রাজ্যের উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়। নিউ টাউনে কনভেনশন সেন্টারে জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের লক্ষে আয়োজিত এক কর্মশালায় অংশ নিয়ে বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনার নিন্দা করে উচ্চশিক্ষামন্ত্রী বলেন, এই প্রতিষ্ঠান সম্পর্কে কোনভাবেই যাতে ভূল বার্তা না ছড়ায় বিশ্ববিদ্যালয়কেই তার দায়িত্ব নিতে হবে। শিক্ষা ও উৎকর্ষের পীঠস্থান হিসেবে নিজের জায়গায় ধরে রাখতে হলে ক্যাম্পাসে শান্তি ফেরানো জরুরী।

(বাইট – জগন্নাথ)

রাজ্য সরকার এবার বাজেটে যাদবপুর বিশ্ববিদ্যালয়কে উৎকর্ষ কেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রস্তাব রেখেছে। সেই লক্ষ্যে যা কিছু অন্তরায় রয়েছে তা বিশ্ববিদ্যালয়কেই ছাপিয়ে যেতে হবে বলে উচ্চশিক্ষা মন্ত্রী মত প্রকাশ করেন।

oooooooooooooooooo

সংস্কৃত ভাষা ও সংস্কৃতির চর্চায় উৎসাহ দিতে রাজ্যের সমস্ত সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে 'সংস্কৃত দিবস' পালন করা হবে। প্রথম বার এই কর্মসূচির আওতায় প্রাথমিক স্কুলগুলিকেও অন্তর্ভুক্ত করতে বিদ্যালয় শিক্ষা দফতর জেলার স্কুল পরিদর্শকদের কাছে নির্দেশিকা পাঠিয়েছে। শিক্ষা দফতর জানিয়েছে, ৩১ অগস্ট পর্যন্ত 'সংস্কৃত সপ্তাহ' পালন করা হবে। এর মধ্যে যে কোনও একটি দিনে সংশ্লিষ্ট স্কুলগুলিকে 'সংস্কৃত দিবস' হিসেবে পালন করতে হবে। সেই উপলক্ষে সংস্কৃত ভাষা, সাহিত্য ও সংস্কৃতিকে কেন্দ্র করে বিভিন্ন কর্মসূচির আয়োজনের নির্দেশ দেওয়া হয়েছে।

অভিরূপ

oooooooooooooooooo

পার্ক স্ট্রিটের ফুটপাথে শিশুর জন্য দুধ গরম করার কারণে পুর ও নগরোন্নয়নমন্ত্রী অগ্নিমিত্রা পাল সমালোচনার মুখে পড়া মহিলার জন্য থাকার বন্দোবস্ত করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আশ্বাস দিয়েছেন।

মুখ্যমন্ত্রী আজ সল্টলেকে বিজেপি-র দফতরে জনতার দরবারে সীতাদেবী নামে ওই মহিলা মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন। এরপরই ওই পরিবারের থাকার ব্যবস্থা করতে কলকাতা পুরসভাকে নির্দেশ দেন তিনি। মন্ত্রী অগ্নিমিত্রা পাল ওই মহিলার সঙ্গে খারাপ আচরণ করেছেন বলে যে অভিযোগ উঠেছে সে প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, ওই পরিবার কারো বিরুদ্ধেই কোন অভিযোগ জানায়নি। তারা রাজ্যের মুখ্যমন্ত্রী এবং বিজেপির উপর ভরসা রেখেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

উল্লেখ্য, কয়েকদিন আগে ফুটপাতে শিশুর জন্য দুধ গরম করার কারণে রাজ্যের পুরমন্ত্রী ওই মহিলাকে বাধা দেন এবং তাঁকে এই ধরনের কাজ থেকে বিরত থাকতে বলেন।

oooooooooooooooooo

সবজি, মাছ, চিনি তেল সহ নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্স, পুলিশ, কৃষি বিপণন এবং এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা আজ যৌথভাবে কলকাতা সহ বিভিন্ন জেলায় খোলাবাজারে অভিযান চালান। কলকাতার কোলে মার্কেট,পোস্তা বাজার, যদুবাবুর বাজার, মানিকতলা, বাঁকুড়ার চকবাজার, পশ্চিম বর্ধমানের আসানসোল, পূর্ব বর্ধমান, বীরভূমের সিউড়ি, কোচবিহার, পূর্ব মেদিনীপুরের হলদিয়া, কাঁথি সহ বিভিন্ন বাজারে জিনিষপত্রের দাম খতিয়ে দেখেন তারা। কথা বলেন, ক্রেতা ও দোকানীদের সঙ্গে।

উল্লেখ্য, খোলা বাজারে জিনিষপত্রের দাম বৃদ্ধি অবৈধ মজুতদারি ও কালোবাজারি রুখতে মহকুমাস্তরে ৭২-টি এবং পুলিশ কমিশনারেট স্তরে ৩৫ টি টাস্ক ফোর্স গঠন করা হয়েছে ।

oooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস ছেড়ে এনসিপিআইতে যোগদানকারী ২০ জনের সাংসদ পদ খারিজের দাবিতে দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির করা মামলায় সুপ্রিম কোর্ট, ওই বিদ্রোহী সাংসদদের নোটিশ দিয়েছে। প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ আজ বলেছেন, ২০ জনের প্রত্যেককেই নিজেদের বক্তব্য আদালতে জানাতে হবে। দু'সপ্তাহ পর  মামলার পরবর্তী শুনানি।

অভিষেক ব্যানার্জীর দাবি, তৃণমূল কংগ্রেসের প্রতীকে জয়ী, দলত্যাগী ওই ২০ জন সাংসদকে এখনও **ন্যাশনালিস্ট সিটিজেন্স পার্টি অফ ইন্ডিয়া**-এনসিপিআই সাংসদ হিসেবে স্বীকৃতি দেননি লোকসভার অধ্যক্ষ। অথচ তারা লোকসভার অধিবেশনে আলাদা বসছেন। সুদীপ বন্দ্যোপাধ্যায়, কাকলী ঘোষদস্তিদার সহ ওই ২০ জনের বিরুদ্ধে দলত্যাগ বিরোধী আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়ার দাবিতেই শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছেন সাংসদ অভিষেক ব্যানার্জী।

oooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে সমাজ মাধ্যমে আপত্তিকর পোস্ট করার অভিযোগে শিলিগুড়ি থানার পুলিশ এক তৃণমূল কংগ্রেস নেতাকে গ্রেফতার করেছে । ধৃত দেবাশিস দে তিনি শিলিগুড়ির ২৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা।

এদিকে, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে সোশ্যাল মিডিয়ায় কুরুচিকর পোস্টের অভিযোগে পূর্ব মেদিনীপুরের ভগবানপুরে ধৃত এসএফআই নেতা সুশোভন প্রধানকে আজ জামিন দিয়েছে কাঁথি মহকুমা আদালত।

oooooooooooooooooo

দলের ভাবমূর্তি রক্ষায় যেকোন দুর্নীতির বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে বিজেপি-র রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন। দলীয় কর্মীদের উদ্দেশে এক খোলা চিঠিতে তিনি বলেছেন, তাদের কেউ কোন ধরনের অনৈতিক কাজে যুক্ত হলে, দল

কোনভাবেই পাশে দাঁড়াবে না। দলের পুরনো কর্মীদের দীর্ঘদিনের পরিশ্রম যাতে বিফলে না যায়, সেব্যাপারে সতর্ক থাকতে হবে। মানুষের আস্থা বজায় রেখে প্রত্যেককে স্বচ্ছতার সঙ্গে কাজ করতে হবে বলে তিনি জানিয়েছেন।

oooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয়- ‘ভারতীয় খেলনার ঐতিহ্য ও প্রসার’।
পূর্ব বর্ধমানের নতুন গ্রামের কাঠের পুতুল প্রস্তুতকারক গৌরাঙ্গ ভাস্কর এবং ‘ফেডারেশন অফ ইন্ডিয়ান এক্সপোর্ট অর্গানাইজেশনস’-এর আঞ্চলিক প্রধান জুঁই চৌধুরীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলা প্রচার তরঙ্গ ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

oooooooooooooooooo

কলকাতা পুরসভা এলাকায় ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত বিষয়ে নিয়ে আজ পুর ভবনে সর্বদলীয় বৈঠক বসে। পুর কমিশনার তথা প্রশাসক স্মিতা পান্ডের পৌরহিত্যে এই বৈঠকে কংগ্রেস,বাম , বিজেপি, মমতা ব্যানার্জি এবং ঋতব্রত বন্দ্যোপাধ্যায় পন্থী তৃণমূল কংগ্রেস ও ঋতব্রত তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিরা অংশ নেন। সাংবাদিকদের স্মিতা পান্ডে বলেন, ওয়ার্ড পুনর্বিন্যাস সংক্রান্ত বিষয় নিয়ে বিভিন্ন দলের পরামর্শ নেওয়া হয়েছে। এরপর তা নিয়ে শুনানি হবে।

উল্লেখ্য কলকাতা পুরসভা এলাকায় ইতিমধ্যেই ওয়ার্ড পুনর বিন্যাস সংক্রান্ত চূড়ান্ত খসড়া তালিকা প্রকাশ করা হয়েছে। নতুন প্রস্তাবিত সীমানা নিয়ে সাধারণ নাগরিক, সংশ্লিষ্ট ব্যক্তি এবং রাজনৈতিক দলগুলিকে আগামী ৩ সেপ্টেম্বর পর্যন্ত তাঁদের আপত্তি, মতামত ও পরামর্শ জানানোর সুযোগ দেওয়া হয়েছে।

oooooooooooooooooo